সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে ঝিনাইদহ প্রেসক্লাবের শোক

দৈনিক দেশ রূপান্তর পত্রিকার সম্পাদক সাংবাদিক অমিত হাবিবের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি-সম্পাদকসহ কর্মরত সাংবাদিকবৃন্দ।

শুক্রবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে তার লাশের কফিনের উপরে শ্রদ্ধাঞ্জলি অর্পণ শেষে জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। এসময় সাংবাদিকদের সাথে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মোঃ সোহেল রানা, প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুসহ অন্যান্য সাংবাদিকগণ। সকলেই এই শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেন।

গত বৃহস্পতিবার রাত ১১টার দিকে রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স ও হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৯ বছর।

বৃহস্পতিবার রাতে দৈনিক দেশ রূপান্তর পত্রিকার বার্তাকক্ষে কর্মরত অবস্থায় স্ট্রোক করেন তিনি। পরে গুরুতর অসুস্থ অবস্থায় রাজধানীর বিআরবি হাসপাতালে ভর্তি করা হয় অমিত হাবিবকে।

১৯৮৭ সালে খবর গ্রুপ অব পাবলিকেশন্সে একই সঙ্গে রিপোর্টার ও সাব-এডিটর হিসেবে কর্মজীবন শুরু করেন অমিত হাবিব। পরে সাপ্তাহিক পূর্বাভাস পত্রিকায় সাব-এডিটর পদে যোগ দেন তিনি।

১৯৯১ সালে দৈনিক আজকের কাগজ পত্রিকায় সিনিয়র সাব-এডিটর হয়ে যোগ দেন। এর পরের বছর একই পদে যোগ দেন দৈনিক ভোরের কাগজে। অল্প দিনের মধ্যে পদোন্নতি পেয়ে যুগ্ম বার্তা সম্পাদক ও পরে বার্তা সম্পাদক হন তিনি।

২০০৩ সালে দৈনিক যায়যায়দিন পত্রিকায় প্রধান বার্তা সম্পাদক হিসেবে যোগ দেন এই সাংবাদিক। তবে পত্রিকাটি বাজারে আসে ২০০৬ সালে।

২০০৭ সালে চীনের আন্তর্জাতিক বেতারে বিদেশি বিশেষজ্ঞ হিসেবে যোগ দিয়ে বেইজিংয়ে কর্মরত থাকা অমিত হাবিব দেশীয় সাংবাদিকতার সঙ্গে দূরত্বের কথা বিবেচনায় তা ছেড়ে দেশে ফিরে আসেন।

২০০৯ সালে দৈনিক সমকালের প্রধান বার্তা সম্পাদকের পদ ছেড়ে দৈনিক কালের কণ্ঠে নির্বাহী সম্পাদক হিসেবে যোগ দেন। পরে ২০১৩ সাল থেকে উপদেষ্টা সম্পাদকের দায়িত্ব পালন করেন তিনি। দৈনিক দেশ রূপান্তরের সূচনালগ্ন থেকে তিনি সম্পাদকের দায়িত্ব পালন করে আসছিলেন।

অমিত হাবিব ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার কাজীরবেড় গ্রামের সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। শুক্রবার বাদ মাগরিব তাঁর নিজ গ্রামে শেষ জানাজা এবং দাফন সম্পন্ন হয়।

মেহেরপুরে নাটক বিষয়ে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

মেহেরপুর নাটক বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা ২০২২ এর উদ্বোধন করা হয়েছে। শুক্রবার বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করা হয়।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী আয়োজিত প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন ঘোষণা করেন, জেলা শিল্পকলা একাডেমি কার্যালয় পরিষদের সিনিয়র সহ-সভাপতি অধ্যাপক নুরুল আহমেদ।

এ সময় জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান ও শিক্ষক শ্বাসত্ব নিপ্পন বক্তব্য রাখেন। এছাড়াও জেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী পরিষদের যুগ্ম সম্পাদক সম্পাদক মহিদুল ইসলাম মহিদ,সদস্য সুলতানা রাজিয়া টনি, নিলুফা বানু, মিনারুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। নাটক বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার প্রশিক্ষণ দেবেন আরণ্যক শামীমা শওকত লাভলী।

কোটচাঁদপুরে জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যয়ন ও সমাপনী

মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানের মধ্যদিয়ে শেষ হল ৭ দিনের জাতীয় মৎস্য সপ্তাহ। গতকাল শুক্রবার সকালে কোটচাঁদপুর উপজেলা সম্মেলন কক্ষে সমাপনী সভা করা হয়।

সভায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন। মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম, কৃষি কর্মকর্তা মোঃ মহাসিন আলী। এ সময় শতাধিক মৎস্যীজীবি উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কোটচাঁদপুর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার।

পরে মৎস্যজীবিদের হাতে মৎস্য আহরনের বিভিন্ন সামগ্রী তুলে দেন অতিথিবৃন্দরা।

দর্শনা পুরাতন বাজারের বিশিষ্ট ব্যবসায়ী টুকুর ইন্তেকাল

দর্শনা পুরাতন বাজারের বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হাই টুকু ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গত বুধবার দিবাগত রাত পৌনে ৩ টার দিকে নিজ বাড়ি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন। আব্দুল হাই টুকু মরহুম হাজি লাল

মোহাম্মদের ছোট ছেলে।

তিনি ব্যবসার পাশাপাশি একজন সাংস্কৃতি কর্মী ও দর্শনা সাম্প্রতিক সাংস্কৃতিক সংগঠণের উপদেষ্টা ছিলেন। গতকাল বৃহস্পতিবার বাদ আসর দর্শনা কলেজ মাঠে মরহুমের নামাজের জানাযা শেষে পারিবারিক কবরস্থানে তার দাফনকার্য সম্পন্ন হয়।

চুয়াডাঙ্গা জেলা আ.লীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনসুর বাবু, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম, দামুড়হুদা উপজেলা আ.লীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, বিশিষ্ট ব্যাবসায়ী আতিয়ার রহমান হাবু জানাযায় অংশগ্রহণ করেন। জানাযা

তার অকাল মৃত্যুতে রাজনৈতিক, সমাজিক, সাংস্কৃতিক, ব্যবসায়ী সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মরহুমের আত্মার মাগফেরাত কামনা সহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছে। মৃত্যকালে স্ত্রী, সন্তান, ভাই, বোন সহ অসংখ্য শুভাকাঙ্খি রেখে গেছেন।

জাতির পিতার নামাঙ্কিত এই জেলার উন্নয়নে প্রধানমন্ত্রী দুহাত উজাড় করে দিয়েছেন

মুক্তিযুদ্ধের সূতিকাগার বাংলাদেশের প্রথম রাজধানী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামাঙ্কিত এই জেলার প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আলাদা দৃষ্টি রয়েছে। তিনি এই জেলার উন্নয়নের জন্য দুহাত উজাড় করে দিয়েছেন।

বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর সেচ উন্নয়ন প্রকল্প, কুষ্টিয়া

[redacted]

[redacted]

প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, শিক্ষাখাতে বিনিয়োগই সবচেয়ে বড় বিনিয়োগ। শিক্ষার মাধ্যমেই মানুষের মনুষ্যত্ব বিকশিত হয়। বৃহস্পতিবার মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ উপলক্ষে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম।অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, জজকোর্টের পাবলিক প্রসিকিউটর(পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে ফরহাদ হোসেন এমপি বলেন, মানুষকে মানবিকতা গুণসম্পন্ন দক্ষ ও সক্ষম করে গড়ে তুলতে শিক্ষার কোনো বিকল্প নেই। প্রতিটি অভিভাবককে তাদের সন্তানদের সুশিক্ষিত করে গড়ে তুলতে হবে।প্রতিমন্ত্রী এসময় বাড়ির আঙিনা ও খালি যায়গায় শাক-সবজি ও ফলমুল চাষের গুরুত্বারোপ করেন।

পরে জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ কলেজ ও মাদ্রাসার অধ্যক্ষ, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ শিক্ষার্থী ও জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় জেলা পর্যায়ে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

গাংনীতে দিন ব্যাপি মৎস্য প্রশিক্ষণ অনুষ্ঠিত

গাংনী উপজেলা মৎস্য অধিদপ্তরের উদ্যোগে ৩০ জন চাষী নিয়ে দিন ব্যাপি মৎস্য প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২৮ জুলাই) সকাল ১০ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত গাংনী উপজেলা বিআরডিবি’র হলরুমে মাছ চাষীদের মাছ চাষ বিষয়ে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয।

গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা শহীদ খন্দকারের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রাসেল রানা, গাংনী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শাহ আলম ।

মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য তুলে ধরে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উপলক্ষে প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়।

” নিরাপদ মাছে ভরবো দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ” শ্লোগানকে নিয়ে গত ২৩ জুলাই থেকে ২৯ জুলাই পর্যন্ত সারাদেশের ন্যায় গাংনীতে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপন হচ্ছে ।

মেহেরপুরে স্বেচ্ছাসেবক লীগের ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

কেক কেটে ও আলোচনা সভার মধ্য দিয়ে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

বুধবার রাতে মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমানের ব্যক্তিগত উদ্যোগে মেহেরপুর শহরের এশিয়া নেট মোড়ে এ আয়োজন করা হয়।

[illegible]

[illegible]

[illegible]